ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২৭৭৯

আগরতলা,৮ সেপ্টেম্বর,২০২৫

**আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালে সফলভাবে চতুর্থ কিডনি প্রতিস্থাপন সম্পন্ন**



মুখ্যমন্ত্রী প্রফেসর(ডাঃ)মানিক সাহার আন্তরিক প্রচেষ্টায় আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালে  কিডনি প্রতিস্থাপনের ক্ষেত্রে পর পর চারটি সফল প্রতিস্থাপন সম্ভব হল। আজ ৮ সেপ্টেম্বর ২০২৫ রাজ্যে চতুর্থ কিডনি প্রতিস্থাপন সফলভাবে সম্পন্ন করলেন আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকগণ। আজ সিধাই মোহনপুর পশ্চিম তারানগরের রবীন্দ্রপল্লীর বাসিন্দা জনৈক ২৩ বৎসর বয়সী ব্যক্তির দেহে এই সফল কিডনি প্রতিস্থাপন করা হয়। এই কিডনি প্রতিস্থাপনে উনার পুত্রকে কিডনি দানে এগিয়ে আসেন তার (৪৫) বৎসর বয়স্কা মা। আজকের এই চতুর্থ সফল কিডনি প্রতিস্থাপন প্রক্রিয়ায় ছিলেন মনিপুরের সিজা হাসপাতাল ও রিসার্চ ইনস্টিটিউট এবং আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকগণ। বর্তমানে দাতা ও গ্রহীতা অর্থাৎ মা ও পুত্র দুজনেই সুস্থ আছেন। এই কিডনি প্রতিস্থাপন প্রক্রিয়ায় আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকদের টিমে ছিলেন কনসালটেন্ট নেফ্রোলজিস্ট ডাঃ মানস গোপ, ডাঃ সমরেশ পাল, ডাঃ রেশমী দাস (নেফ্রোলজিস্ট), ডাঃ উদয়ন সাহা (নেফ্রোলজিস্ট) এবং মণিপুরের সিজা হসপিটালস অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট প্রাইভেট লিমিটেডের পক্ষে উক্ত টিমে ছিলেন কনসালটেন্ট ইউরোলজিস্ট অ্যান্ড ট্রান্সপ্ল্যান্ট সার্জন ডাঃ সৌমোরেন্দ্র পৌণম, ডাঃ মহারাবাম মাহিলি। এছাড়াও আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের পক্ষে কনসালটেন্ট ইউরোলজিস্ট ছিলেন ডাঃ মুকুট দেবনাথ, ডাঃ বিজিত লোধ, ডাঃ জীবন দেবনাথ প্রমুখ। অ্যানেস্থেসিওলজিস্ট হিসাবে সিজা হাসপাতালের পক্ষে ছিলেন ডাঃ কাজল জি মমিন, ডাঃ গায়ত্রী এস পিল্লাই এবং আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের পক্ষে ছিলেন ডাঃ ভাস্কর মজুমদার, ডাঃ রঞ্জিত রিয়াং, ডাঃ তপন দেববর্মা প্রমুখ। এদিকে ওটি নার্স, ফ্লোর নার্স সহ ওটি টেকনিশিয়ানরাও উক্ত প্রতিস্থাপন প্রক্রিয়ায় ছিলেন। এই কিডনি প্রতিস্থাপন প্রক্রিয়ায় ট্রান্সপ্লান্ট কো-অরডিনেটর ছিলেন হিমাদ্রি কর এবং সম্পূর্ণ তত্ত্বধায়ক ছিলেন ইনচার্জ সিনিয়র নার্সিং অফিসার তপতী চক্রবর্তী। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজের মাধ্যমে এই সংবাদ জানানো হয়েছে।

*****